

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইসিটি শাখা)
www.minland.gov.bd

সভাপতি : জনাব প্রদীপ কুমার দাস, অতিরিক্ত সচিব (উন্নয়ন) (অঃদাঃ)
ও চিফ ইনোভেশন অফিসার, ভূমি মন্ত্রণালয়।
স্থান : জুম মিটিং- এর মাধ্যমে নিজ নিজ কার্যালয় হতে অনলাইনে সংযুক্ত।
তারিখ : ০৬/০৭/২০২০ খ্রিষ্টাব্দ।
সময় : বিকাল ৩.০০ ঘটিকা।
উপস্থিত : “জুম” সোশ্যাল মিডিয়া ব্যবহার করে অনলাইনে হাজিরার মাধ্যমে হাজিরা গৃহীত “পরিশিষ্ট-ক”

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান, বর্তমান কোভিড পরিস্থিতিতে অনলাইন সোশ্যাল মিডিয়া “জুম” এর মাধ্যমে সভা সম্পন্ন করা হচ্ছে। সকলকে স্বাস্থ্যবিধি মেনে অফিসে আসা এবং কার্যক্রম পরিচালনার জন্য সকলের প্রতি আহবান করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য ইনোভেশন অফিসারকে অনুরোধ করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

০১। আলোচ্যসূচি: ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	২০১৯-২০২০ অর্থবছরের উত্তাবন কর্মপরিকল্পনার বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রমানকসহ (ক) ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (খ) ভূমি সংস্কার বোর্ড (গ) ভূমি আপীল বোর্ড (ঘ) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং (ঙ) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) -এর দপ্তর দাখিল করেছেন। দাখিলকৃত প্রতিবেদনসমূহ সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পরিবর্তিত পরিস্থিতিতে গত বছরের ইনোভেশন কর্মপরিকল্পনার যেস সকল বাস্তবায়ন সম্ভব হয়নি তা মন্তব্য কলামে লিখে বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলের বিষয়ে আলোচনা হয়।	১) ভূমি মন্ত্রণালয়ে ইনোভেশন কার্যক্রমের বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। ২) ইনোভেশন সংক্রান্ত অগ্রগতি কার্যক্রমের প্রমানক নিয়মিত সংরক্ষণ করতে হবে। ৩) ইনোভেশন কর্মপরিকল্পনার যে সকল কার্যক্রম কোভিড পরিস্থিতির কারণে বাস্তবায়ন সম্ভব হয়নি মন্তব্য কলামে তার কারণ উল্লেখ করতে হবে।	ভূমি মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা।

০২। আলোচ্যসূচি: ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা সংক্রান্ত আলোচনা।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০২	২০২০-২০২১ অর্থবছরের উত্তাবন কর্মপরিকল্পনার ব্যাপারে মতামত প্রদানের জন্য (ক) ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (খ) ভূমি সংস্কার বোর্ড (গ) ভূমি আপীল বোর্ড (ঘ) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং (ঙ) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) -এর দপ্তরের কর্মকর্তাগণের সঙ্গে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১) ভূমি মন্ত্রণালয় ও এর অধীনস্থ সকল দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের নিয়ে নতুনভাবে ইনোভেশন টিম গঠন করতে হবে। ২) ইনোভেশন কার্যক্রমের কর্মপরিকল্পনা প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। ৩) ইনোভেশন সংক্রান্ত অগ্রগতি কার্যক্রমের প্রমানক নিয়মিত সংরক্ষণ করতে হবে।	ভূমি মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা।

০৩। বিবিধ।

কোভিড পরিস্থিতি বিবেচনায় নিয়ে ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে। নতুন বছরে মাঠ পর্যায়ের ইনোভেশন কার্যক্রমকে আরও বেশি জোরদার করতে হবে। গত বছরের ইনোভেশন কার্যক্রম চলতি বছরে সকল স্তরে বাস্তবায়নকরণে সকল উদ্যোগ গ্রহণ করতে হবে।

পরিবর্তিত পরিস্থিতির উন্নয়ন না হওয়া পর্যন্ত ইনোভেশন কার্যক্রম জোরদারকরণ এবং ২০২০-২১ অর্থ বছরের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন শতভাগ নিশ্চিতকরণের জন্য সকলের প্রতি অনুরোধ করা হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত/-
জনাব প্রদীপ কুমার দাস
অতিরিক্ত সচিব (উন্নয়ন) (অঃদাঃ)
ও চিফ ইনোভেশন অফিসার, ভূমি মন্ত্রণালয়।

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৭৫.০৬.০০১.১৯-৮২

তারিখ: ২২ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ভূমি আপীল বোর্ড, ঢাকা।
- ২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৩। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। উপপরিচালক (অর্থ ও বাজেট), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। উপসচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপসচিব (জরিপ-১), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপসচিব (অধিগ্রহণ - ১), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপসচিব (মাঠপ্রশাসন-২), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। উপসচিব (এপিএ), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সহকারী ভূমি সংস্কার কমিশনার -০৩, ভূমি সংস্কার বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ১১। শাখা প্রধান (সিনিয়র সহকারী সচিব), শাখা-১ (প্রশাসন), ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। সহকারী পরিচালক (উন্নয়ন ও সেবা), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত্র, ঢাকা।
- ১৩। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন), হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব পোর্টালে আপলোডের জন্য)।


(মো: দেলি কুজামা খান)
ইনোভেশন অফিসার